



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৪১

তারিখ: ২৫ জৈষ্ঠ ১৪২৮

০৮ জুন ২০২১

বিষয়: চট্টগ্রাম বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে ৪০০০ মে.টন সংগৃহীত বোরো'২১ সিঙ্ক ও আতপ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২১০.৮৮.০১২.২০-১৫১২ নং  
স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাক্ষণবাড়িয়া ও কুমিল্লা জেলার চুক্তিবদ্ধ মিলারকর্তৃক এলএসডি ক্যাম্পাসে আনীত ট্রাকের চাল গুদামে গ্রহণ ও সংগ্রহ কার্যক্রম গতিশীল রাখার নিমিত্ত সংগৃহীত বোরো'২১ সিঙ্ক চাল ৩০০০ মে.টন ও ১০০০ মে.টন আতপ চাল চট্টগ্রাম জেলার হালিশহর এবং দেওয়ানহাট সিএসডিতে প্রেরণের অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে বোরো'২০২১ সংগ্রহের লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান-চাল সংগ্রহের জন্য ব্রাক্ষণবাড়িয়া ও কুমিল্লা জেলার কতিপয় এলএসডির খালিস্থান সৃষ্টির নিমিত্ত হালিশহর সিএসডিতে ১৫০০ মে.টন সিঙ্ক চাল ও ৫০০ মে.টন আতপ চাল এবং দেওয়ানহাট সিএসডিতে ১৫০০ মে.টন সিঙ্ক চাল ও ৫০০ মে.টন আতপ চাল মে.টনসহ মোট ৪০০০ মে.টন চাল ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

#### সারণি-১ : চট্টগ্রাম বিভাগে বোরো'২১ এর সিঙ্ক ও আতপ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	ব্রাক্ষণবাড়িয়া	আশুগঞ্জ এলএসডি	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	১০০০	বোরো'২১ সিঙ্ক চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	দেওয়ানহাট সিএসডি	১০০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	হালিশহর সিএসডি	৫০০	বোরো'২১ আতপ চাল	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	দেওয়ানহাট সিএসডি	৫০০	ঐ	ঐ	
৫.	কুমিল্লা	দৌলতগঞ্জ এলএসডি	ঐ	হালিশহর সিএসডি	৫০০	বোরো'২১ সিঙ্ক চাল	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	দেওয়ানহাট সিএসডি	৫০০	ঐ	ঐ	
				মোট =	৪০০০			

**নির্দেশনামূল:**

- (১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;
- (২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভের্পূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;
- (৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- (৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৮৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহত্ব চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেল্লিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;
- (৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৮-৬-২০২১

মোঃ ফজলে রাখী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৪১/১(১১)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮  
০৮ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ৬) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৭) সিপ্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাক্ষণবাড়িয়া, চট্টগ্রাম
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা, চট্টগ্রাম।
- ১১) ব্যবস্থাপক, দেওয়ানহাট/হালিশহর, সিএসডি, চট্টগ্রাম



৮-৬-২০২১

মোঃ ফজলে রাক্মী হায়দার

উপ-পরিচালক